

শিক্ষাভবনে শিক্ষকদের দুর্ভোগ বন্ধের আহ্বান শিক্ষামন্ত্রী

যাফাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষাভবনের অনেক দুর্নাম আছে। এখানে শিক্ষকরা হয়রাণির শিকার হন, অনেককে নানা দুর্ভোগ পোহাতে হয়। এসবের পরিবর্তন করতে হবে। সেবা নিতে হবে জনগণের সেবক হিসেবে। শিক্ষা অধিদপ্তরের ইমেজ বৃদ্ধির জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে ক্রম মাননীয় সেবা প্রদান করতে হবে। আগত শিক্ষক-কর্মচারীদের সঙ্গে মার্জিত সুন্দর ব্যবহার করতে হবে।

বুধবার শিক্ষাভবনে প্রথমবারের মতো ৫০ আসনবিশিষ্ট প্রশিক্ষণ স্টুডিও এবং ক্রোল সার্কিট টিভি (নিসিটিভি) ক্যামেরা উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহারিচালক প্রফেসর নোমান উর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কলেজ) মফিজুল ইসলাম, মাউশির পরিচালক (কলেজ) মো. আতাউর রহমান বক্তৃতা করেন। এসময় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী আবদুল্লাহ হিল আজাদ, এসইএসডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক রতন কুমার রায় উপস্থিত ছিলেন।

নিসিটিভি ক্যামেরা স্থাপনের উদ্দেশ্য করে মন্ত্রী নাহিদ বলেন, শুধু ভাট ধরা, কারো ওপর নজরদারি করার জন্য নয়- ভালো কাজ অন্যকে দেখানোর জন্য নিসিটিভি স্থাপন করা হয়েছে। অনৈতিক কাজ থেকে নিজেদের বিরত থাকা, নিজেদের আচরণ-ব্যবহার আরো সুন্দর করা, নিজেদের নিরাপত্তা-সমন্বয়বর্তিতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিক প্রযুক্তির সংযোগ ঘটানো হয়েছে। শুধু যন্ত্র দিয়ে ময়লা পরিষ্কার করা যাবে না, যন্ত্রের পিছনের মানুষগুলোকে ভালো হতে হবে। তাদের চিন্তা-চেতনা ও মাইকসেট পরিবর্তন করতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকারের রাষ্ট্রকর্মতায় আসার পূর্বে আন্তর্জাতিকভাবে দুর্নীতিতে বাংলাদেশ পরপর পাঁচবার চ্যাম্পিয়ন ছিল। শিক্ষা খাত ছিল তার অন্যতম। সরকারে বসেই দুর্নীতি-অনিয়ম-অন্যায় ও অপচয়ের বিরুদ্ধে লড়াই শুরু করেছি। সফলতা অনেকখানি এলেও এখনো অনেক পথ বাকি।

তিনি বলেন, গত অর্ধ শতাব্দী ধরে শিক্ষাভবনের কর্মচারীরা কোনো প্রশিক্ষণ ছাড়াই সেবা প্রদান করে চলেছেন। তাদের নিজস্ব কোনো প্রশিক্ষণ স্টুডিও ছিল না। এ প্রশিক্ষণ স্টুডিওর মাধ্যমে নথি ব্যবস্থাপনা, ডিজিটাল পদ্ধতিতে নথি সংরক্ষণ, আর্থিক নিয়ম-কানুন, অফিস ব্যবস্থাপনাসহ প্রয়োজনীয় প্রশিক্ষণ এখন নিজ ভবনেই সম্ভব হবে। এতে কর্মকর্তা-কর্মচারীদের সেবার মান, আচরণ পরিবর্তন, কাজের দক্ষতা, গুণাগুণ ও ব্যক্তি আরো বৃদ্ধি পাবে। উল্লেখ্য, গতকাল শিক্ষাভবনের চারতলায় ৫০ আসনের সুসজ্জিত একটি প্রশিক্ষণ স্টুডিও উদ্বোধন করা হয়েছে। এছাড়া ভবনের বিভিন্ন স্থানে ৩২টি নিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়।